

## Model Activity Task 2022 January

### Class 6| History | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| জানুয়ারী

ষষ্ঠ শ্রেণী | ইতিহাস | পার্ট -১ |

পূর্ণমান- ২০

#### ১. ঠিক ভুল নির্ণয় কর:

(ক) বিষ্ণু পর্বতের দক্ষিণ ভাগকে বলা হতো দাক্ষিণাত্য। **ঠিক**

(খ) হর্ষচরিত লিখেছিলেন হর্ষবর্ধন। **ভুল**

(গ) জাদুঘরে থাকে পুরনো দিনের নানা প্রত্নবস্তু। **ঠিক**

#### ২. স্তম্ভ মেলাও

উঃ

ক- স্তম্ভ	খ- স্তম্ভ
শকাব্দ	কণিষ্ক
গুপ্তাব্দ	প্রথম চন্দ্রগুপ্ত
হর্ষাব্দ	হর্ষবর্ধন

#### ৩. অতি সংক্ষেপে উত্তর দাও( একটি- দুটি বাক্যে)

(ক) কোন অঞ্চলকে আর্ষাবর্ত বলা হত?

উঃ বিষ্ণু পর্বতের উত্তর অংশকে আর্ষাবর্ত বলা হয়। ভারতবর্ষের এই উত্তর অংশে সাধারণভাবে আর্ষরা বসবাস করত বলে ওই অঞ্চলে আর্ষবর্ত বলা হত।

(খ) প্রায় ঐতিহাসিক যুগ কাকে বলে?

উত্তরঃ প্রাক-ঐতিহাসিক যুগের পর এক সময় মানুষ লিখতে শিখল। কিন্তু সেই সময়কার সাহিত্যিক উপাদানের এখনও কেউ অর্থ উদ্ধার করতে পারে নি। তাই এই সময়কে প্রায়-ঐতিহাসিক যুগ বলা হয়।

#### ৪. নিজের ভাষায় লেখো( তিন- চারটি বাক্যে)

(ক) প্রশস্তি কি? মুদ্রা কীভাবে ইতিহাস নির্মাণে সাহায্য করে?

প্রশস্তি কথার অর্থ হল গুনোগান। অনেক শাসকের গুনগান পাথরের উপরে লেখ হিসাবে খোদাই করা হত। এই প্রশস্তিগুলি থেকে সে সময়ের অনেক তথ্য জানা যায়। যেমন - সম্রাট সমুদ্রগুপ্তের এলাহাবাদ প্রশস্তি।

প্রাচীন ভারতের ইতিহাস জানার জন্য মুদ্রাগুলি অনেক কাজে লাগে। মুদ্রায় শাসকের নাম ছবি ইত্যাদি খোদাই করা আছে। ওই মুদ্রা গুলিতে লেখা অক্ষর এবং ছবি থেকে ইতিহাসের অনেক কথা জানা যায়। যেমন মুদ্রা থেকেই শক ও কুষাণদের অনেক ইতিহাস জানা যায়।

### **(খ) সাহিত্য উপাদানের সমস্যাগুলি কী কী?**

উঃ সাহিত্য উপাদানের সমস্যা গুলি হল-

(১) বিদেশিরা ভারতীয় উপমহাদেশের সংস্কৃতি বুঝতে পারেন না। ফলে অনেক কিছুর মানে বুঝতে তাদের ভুল হয়েছিল।

(২) দেশী ও বিদেশী সাহিত্যের অনেক লেখার মধ্যে পার্থক্য ছিল।

(৩) কাব্য-নাটকে সমাজের নীচু তলার মানুষের কথা বিশেষ জানা যায় না।

(৪) অধিকাংশ সাহিত্যের বর্ণনা মনগড়া।